দৈনিক বাংলা

তারিখ 29 JUL 1992
পৃষ্ঠা ১ কলাম ২

127

ছাত্রদলের সমাবেশ

# এক সপ্তাহের মধ্যে তিনটি হলের বহিরাগত সন্ত্রাসীদের উচ্ছেদ করুন

স্টাফ রিপোর্টার : জাতীয়তাবাদী ছাত্রদল আগামী এক সপ্তাহের মধ্যে ঢাকা বিশ্ববিদ্যালয়ের জহুরুল হক হল, এসএম হল ও জগন্নাথ হল থেকে বহিরাগত ও অস্ত্রধারীদের উচ্ছেদ করতে বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষের প্রতি আহবান জানিয়েছে। মঙ্গলবার ডাকসু ভবনের সামনে আয়োজিত এক ছাত্র সমাবেশে এ আহবান জানানো হয়।

সমাবেশে সভাপতিত্ব করেন ছাত্রদলের সাধারণ সম্পাদক ইলিয়াস আলী। বক্তৃতা করেন ছাত্রদল নেতা হাবিব উন নবী সোহেল, আলী আক্কাস নাদিম, নাসিরউদ্দিন পিন্টু, কাজী রফিকুল ইসলাম, আলী আহমদ প্রমুখ। সন্ত্রাস নির্মূল ও শিক্ষার সুষ্ঠু পরিবেশ ফিরিয়ে আনার দাবীতে ছাত্রদল এ সমাবেশের আয়োজন করে।

(আটের পাতায় ৬-এর কঃ দ্রঃ)

## সন্ত্রাসীদের উচ্ছেদ করুন

(প্রথম পৃষ্ঠার পর)

ইলিয়াস আলী তার বক্তৃতায় বলেন, ক্যাম্পাসে বহিরাগত সন্ত্রাসীদের কর্মকাণ্ড আজ মারাত্মক সমস্যা হয়ে দাঁড়িয়েছে। এই সকল সন্ত্রাসী ঢাকাসহ, বিভিন্ন জায়গায় সন্ত্রাস, খুন ও রাহাজানি করে আশ্রয়ের জন্য নিরাপদ স্থান হিসাবে বিশ্ববিদ্যালয়কে বেছে নেয়। ছাত্রদল বহিরাগত ও সন্ত্রাসীদের উচ্ছেদের ব্যাপারে সর্বাত্মক প্রচেষ্টা অব্যাহত রেখেছে। ছাত্রদল এ ব্যাপারে এগিয়ে আসার জন্য আইন-শৃঙ্খলা রক্ষাকারী বাহিনী ও বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষের প্রতি আহবান জানিয়েছে।

জনাব ইলিয়াস আরো বলেন, ইতিমধ্যে এসব সন্ত্রাসী আওয়ামী-ছাত্রলীগের ছত্রছায়ায় অস্ত্রের মুখে এসএম হল, জহুরুল হক হল ও জগন্নাথ হল থেকে ছাত্রদলের নেতা-কর্মীদের বের করে দিয়েছে। তিনি সন্ত্রাসী কার্যকলাপের তীব্র নিন্দা করে অবিলম্বে ক্যাম্পাস থেকে বহিরাগত ও সন্ত্রাসীদের গ্রেপ্তারের দাবী জানান।

অন্যান্য বক্তা বলেন, ঢাকা বিশ্ববিদ্যালয়ের ছাত্র-ছাত্রীরা বহিরাগত সন্ত্রাসীদের হাতে জিম্মি। সন্ত্রাসীদের আচরণে মনে হয় ঢাকা বিশ্ববিদ্যালয় তাদের কাছে 'লিজ' দেয়া হয়েছে। ছাত্রদল নেতৃবৃন্দ সন্ত্রাস নির্মূল ও শিক্ষার পরিবেশ ফিরিয়ে আনতে গণতন্ত্রমনা ছাত্র সংগঠনগুলোকে এগিয়ে আসার আহবান জানান।

সমাবেশের পর ছাত্রদল একটি মিছিল নিয়ে ভাইস-চ্যান্সেলরের অফিসে গিয়ে তার কাছে একটি স্মারকলিপি পেশ করে।